

ঘূর্ণিঝড় 'রিমাল' এর কারণে কারিগরি বোর্ডের ২ পরীক্ষা স্থগিত



ফাইল ছবি

সমকাল প্রতিবেদক

প্রকাশ: ২৭ মে ২০২৪ | ২১:০৫



ঘূর্ণিঝড় 'রিমাল' এর কারণে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আজ মঙ্গলবার অনুষ্ঠিতব্য দুইটি পরীক্ষা স্থগিত করা হয়েছে। সোমবার কারিগরি শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক মো. কেপায়েত উল্লাহ স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য নিশ্চিত করা হয়েছে।

বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, চলমান ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং ও ডিপ্লোমা-ইন-ট্যুরিজম অ্যান্ড হসপিটালিটি শিক্ষাক্রমের ২৮ মে তারিখে অনুষ্ঠিতব্য সব পরীক্ষা ঘূর্ণিঝড় 'রিমাল' এর কারণে স্থগিত ঘোষণা করা হলো। পরবর্তী পরীক্ষাগুলো যথারীতি চলমান থাকবে।

স্থগিত হওয়া পরীক্ষার সূচি পরবর্তী বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে বলেও উল্লেখ করা হয়েছে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের একই বিজ্ঞপ্তিতে।